**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 18-07-2025** **Desk in Charge: SDG**
**Time: 7-35 AM** **Editor: NBR**
**DEO : KB** **NR : NBR**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ একদিনের সফরে রাজ্যে আসছেন। একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন, শিলান্যাস এবং জাতির উদ্দেশে উৎসর্গ করবেন তিনি।

# এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, একমাত্র বিজেপি'ই পারবে পশ্চিমবঙ্গে উন্নয়ন সুনিশ্চিত করতে।

২/ ঝাড়গ্রামের বাঁশতলা স্টেশনের কাছে ট্রেনের ধাক্কায় তিনটি হাতির মৃত্যু হয়েছে।

৩/ ছাত্র সংসদ নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করা নিয়ে রাজ্যকে দু' সপ্তাহের মধ্যে হলফনামা জমা দেবার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৪/ মৌসুমী অক্ষরেখার প্রভাবে আজ'ও রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা।

৫/ কলকাতায় আজ শুরু হচ্ছে জাতীয় ডার্ট'স চ্যাম্পিয়ানশিপ।

******************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ একদিনের সফরে রাজ্যে আসছেন। একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন, শিলান্যাস এবং জাতির উদ্দেশে উৎসর্গ করবেন তিনি।

সফরের আগে গতরাতে এক্স হ্যান্ডেলে বাংলায় লেখা এক বার্তায় তিনি বলেন, তৃণমূল কংগ্রেসের অপশাসনের ফলে, পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছেন। তাঁদের আশা, একমাত্র বিজেপি'ই পারবে রাজ্যে উন্নয়ন সুনিশ্চিত করতে। দুর্গাপুরের এই জনসভায় সকলকে যোগদানের আহ্বান জানান শ্রী মোদী।

প্রধানমন্ত্রীর সফর নিয়ে আকাশবাণীর একটি প্রতিবেদন-

( ভিসি- অভিরূপ )

**********************

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, এক বছরের মধ্যে দুর্গাপুর, অন্যরূপে সেজে উঠবে। কেন্দ্রীয় সরকার দুর্গাপুরে বিনিয়োগ বাড়ানোয়, রাজ্য সরকারঅকে নিয়ে বন্ধ হয়ে যাওয়া কারখানার আধুনিকীকরণ এবং পুনরুজ্জীবনের কাজ করা হবে। দুর্গাপুর থেকেই রাজ্যে শিল্পায়নের সূচনা হবে বলে শ্রী ভট্টাচার্য জানিয়েছেন।

**********************

নতুন দিল্লিতে ২০২৪-২৫ সালের স্বচ্ছ সর্বেক্ষণ পুরস্কার প্রাপকদের হাতে তুলে দিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। এই রাজ্যের 'সম্ভাবনামায় স্বচ্ছ শহর' হিসেবে সম্মান পেয়েছে হুগলির বৈদ্যবাটি।

পুরসভার চেয়ারম্যান পিন্টু মাহাতো ওই অনুষ্ঠানে উপস্থিত থেকে পুরস্কার গ্রহণ করেন। আকাশবাণীকে তিনি বলেন, এই পুরস্কার শুধু তাঁর নয়, কাঁধে কাঁধ মিলিয়ে যারা কাজ করেন এবং তার এলাকার বাসিন্দা প্রত্যেকেরই।

( বাইট- পিন্টু মাহাতো )

**********************

ঝাড়গ্রামের বাঁশতলা স্টেশনের কাছে গতকাল গভীর রাত পৌনে দু-টো নাগাদ ট্রেনের ধাক্কায় তিনটি হাতির মৃত্যু হয়েছে। এদের মধ্যে একটি মা হাতি এবং তার দুটি বাচ্ছা রয়েছে।

আমাদের প্রতিনিধি শিপ্রা সেনসাহাকে DFO ঝাড়গ্রাম উমর হামাম জানিয়েছেন, রাত ১১'টা নাগাদ ৯' থেকে ১০ টি হাতি, রেল লাইনের আশেপাশে ঘোরাফেরা করছিল। রেঞ্জ অফিসার হোয়াটঅ্যাপ গ্রুপে সতর্কবার্তা পাঠালেও, ট্রেন অত্যন্ত দ্রুতগতিতে থাকায় এই দুর্ঘটনা ঘটে। দেহগুলি প্রায় ১০০ মিটার এলাকা জুড়ে ছিট্‌কে পড়ে।

বন দপ্তরের আধিকারিক জানিয়েছেন, এখনো পাঁচ থেকে ৬'টি হাতি মৃতদেহগুলি ঘিরে রেখেছে। ঘটনাস্থলে উপস্থিত আছেন পুলিশ ও বনকর্মীরা।

**********************

রাজ্যের কলেজ বিশ্ববিদ্যালয়গুলিতে ছাত্র ইউনিয়নের নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করা নিয়ে রাজ্যকে দু' সপ্তাহের মধ্যে হলফনামা জমা দেবার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। কত দিনের মধ্যে এই বিজ্ঞপ্তি জারি করা হবে হলফনামায় তা'ও উল্লেখ করতে বলেছেন কলকাতা হাইকোর্টের বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ।

ছাত্র সংসদের নির্বাচন বছর দশেক ধরে করা হচ্ছে না কেন সেই প্রশ্ন তুলে হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেছিলেন আইনজীবী সায়ন বন্দ্যোপাধ্যায়। সেই মামলাতেই এই নির্দেশ দিয়েছেন ডিভিশন বেঞ্চ।

**********************

ধর্মতলায় ভিক্টোরিয়া হাউসের সামনে তৃণমূল কংগ্রেসের ২১শে জুলাই সভা নিয়ে আজ ফের কলকাতা হাইকোর্ট-এ শুনানি হবে। শুধুমাত্র একটি দলই কেনো সেখানে সভা করার অনুমতি পাবে, তা নিয়ে প্রশ্ন তুলে কলকাতা হাইকোর্ট এই সভা নিয়ে বেশ কিছু শর্ত আরোপের ইঙ্গিত দিয়েছেন। পরের বছর কর্মসূচীর জন্য বিকল্প জায়গার খোঁজ করতে বলেছেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ। আগামী সোমবার ২১শে জুলাই, ট্রাফিক নিয়ন্ত্রণ

সংক্রান্ত যে সকল বিজ্ঞপ্তি পুলিশ দিয়েছে, তা' আজ আদালতে পেশ করার নির্দেশ দিয়েছেন বিচারপতি। পাশাপাশি জানাতে হবে মামলার গ্রহণযোগ্যতা নিয়ে রাজ্যের আপত্তির দিকটি'ও ।

এদিকে, ২১শে জুলাই, উত্তরবঙ্গে শুভেন্দু অধিকারীর মিছিল ও সমাবেশে, শর্তসাপেক্ষে অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। তবে, উত্তরবঙ্গের সচিবালয় 'উত্তরকন্যা'য় মিছিল বা সমাবেশ করা যাবেনা। তিনবাত্তি মোড়, চুনাভাটি মোড় হয়ে ভিডিওকন গ্রাউন্ড পর্যন্ত মিছিলের অনুমতি মিলেছে। সমাবেশ করতে হবে সেখানেই। প্রতিটি দলে ১০০ জনের বেশী মিছিল করে যাওয়া যাবেনা। তবে সভায় থাকতে পারবেন ১০ হাজার মানুষ।

**********************

রাজ্যে মৌসুমী অক্ষরেখা পুরুলিয়া ও দীঘা হয়ে উত্তর-পূর্ব বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। আজও দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের প্রতিটা জেলাতেই হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। আগামী রবিবার থেকে উত্তরবঙ্গে বাড়তে পারে বৃষ্টির পরিমাণ।

এদিকে, গত দেড় মাসের বৃষ্টিতে উত্তরে কিছুটা খামতি থাকলেও দক্ষিণবঙ্গে বৃষ্টি হয়েছে পর্যাপ্ত। কৃষক বন্ধুরা বলছেন, ধারাবাহিক বৃষ্টি থাকায় রোদের অভাবে তিল ঠিকমতো ঘরে তোলা যায়নি। অন্যদিকে সবজির দাম আকাশছোঁয়া। তবে আশার কথা শোনাচ্ছেন কৃষি বিশেষজ্ঞরা।

একটি প্রতিবেদন- (ক্যাপসুল – অভিজিত দা)

**********************

পুরুলিয়ার চিরাবাড়ি এলাকায় বর্ষায় ফুলে ওঠা নদী দেখতে গিয়ে, নবম শ্রেণীর দুই ছাত্র জলে নিখোঁজ হয়ে গেছে। শহরের উপকন্ঠ দিয়ে বয়ে চলা কাঁসাই নদী দেখতে গতকাল বিকাশ দাস ও হামজা কুরেশী নামে ওই দুজন, বন্ধুদের সঙ্গে নদীর ধারে যায়। কিছুক্ষণ পর বন্ধুরা বাড়িতে ফোন করে তাদের জলে তলিয়ে যাওয়ার খবর জানায়।

পুলিশ ও বিপর্যয় মোকাবিলা বাহিনী ঘটনাস্থলে গিয়ে তল্লাশি অভিযান শুরু করে। তবে রাত পর্যন্ত তাদের খোঁজ পাওয়া যায়নি।

***********************

কলকাতায় আজ শুরু হচ্ছে জাতীয় ডার্টস চ্যাম্পিয়নশিপ। দক্ষিন কলিকাতা সংসদে আয়োজিত এই প্রতিযোগিতা চলবে বিশে জুলাই পর্যন্ত। বাংলা সহ ১২টি রাজ্য থেকে প্রতিযোগীরা অংশ নেবেন। এই প্রতিযোগিতা থেকেই দক্ষিণ কোরিয়ার সিওলে আসন্ন বিশ্বকাপের জন্য ভারতীয় দল নির্বাচন করা হবে বলে কলকাতায় এক সাংবাদিক বৈঠকে সর্বভারতীয় ডার্টস অ্যাসোসিয়েশনের মহাসচিব প্রশান্ত সাহা জানিয়েছেন।

**********************************************************************